

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৯ম

বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১	<p>প্রথম অধ্যায়: স্রষ্টা ও সৃষ্টি</p> <p>প্রথম পরিচ্ছেদ</p> <p>১.১ : স্রষ্টার স্বরূপ ও উপাসনা</p>	<p>পাঠ-১ ও ২ স্রষ্টার স্বরূপ ব্রহ্ম, ঈশ্বর, ভগবান ও অবতার</p> <p>১.১. ব্রহ্ম ও ঈশ্বর ব্রহ্মরূপে স্রষ্টার স্বরূপ, ঈশ্বররূপে স্রষ্টার স্বরূপ</p> <p>১.২. স্রষ্টার স্বরূপ: ভগবান ও অবতার ভগবানরূপে স্রষ্টার স্বরূপ, অবতাররূপে স্রষ্টার স্বরূপ</p> <p>পাঠ-৩: স্রষ্টা ও সৃষ্টির সম্পর্ক এবং সৃষ্টির মধ্যে শৃঙ্খলা</p> <p>প্রতিষ্ঠায় স্রষ্টার ভূমিকা</p> <p>পাঠ-৪ ঈশ্বরের গুণ ও শক্তি: দেবদেবী</p> <p>পাঠ-৫ উপাসনা - উপাসনার ধারণা, উপাসনার ধরন, উপাসনার উপায়, উপাসনার প্রয়োজনীয়তা</p> <p>পাঠ-৬ ঈশ্বর উপাসনার একটি মন্ত্র বা শ্লোক, অর্থ ও এর শিক্ষা</p>	<p>তোমার হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা পাঠ্যপুস্তকের প্রথম অধ্যায়ে বর্ণিত দেব-দেবীর মধ্যে যেকোনো ২জন দেবতার উপাসনা কর উপাসনা শেষে নিম্ন লিখিত সংকেত ব্যবহার করে ৩০০ শব্দের মধ্যে একটি প্রতিবেদন তৈরি কর।</p> <p>সংকেত :</p> <p>১. দেব-দেবীর নাম</p> <p>২. আরাধনার প্রস্তুতি ও উপকরণ</p> <p>৩. মন্ত্র</p> <p>৪. আরাধনার উপায়</p> <p>৫. আরাধনা শেষে তোমার শারীরিক ও মানসিক অনুভূতি</p> <p>৬. এই আরাধনার কেন প্রয়োজন</p>	<p>১. দেব-দেবীর ছবি পাঠ্যবই অথবা ইন্টারনেট থেকে সংগ্রহ করা যেতে পারে বা নিজে অঙ্কন করা যেতে পারে।</p> <p>২. দেব-দেবীর পরিচয় ও মন্ত্র পাঠ্যপুস্তক অথবা পূর্ববর্তী শ্রেণির ধর্ম ও নৈতিক শিক্ষা পাঠ্যপুস্তক বা অন্য কোনো উৎস থেকে সংগ্রহ করা যেতে পারে।</p> <p>৩. উপকরণ সংগ্রহ ও উপাসনার প্রস্তুতি গ্রহণে পরিবারের সদস্যদের সাহায্য নেয়া যাবে।</p>	<p>অতি উত্তম:</p> <p>১. ২জন দেব-দেবীর আরাধনার পদ্ধতি ও মন্ত্র নির্ভুলভাবে উপস্থাপন করেছে।</p> <p>২. অন্তত ৫টি পূজা উপকরণের নাম উল্লেখ করেছে, পরিবারের সদস্যদের থেকে কী কী সাহায্য নিয়েছে তা বর্ণনা করেছে।</p> <p>৩. লেখার মাধ্যমে উল্লেখিত দেব-দেবীর আরাধনায় অংশগ্রহণের প্রমাণ দিতে পেরেছে, আরাধনার ফলে অন্তত ৪টি শারীরিক -মানসিক অনুভূতি ব্যক্ত করেছে।</p> <p>৪. উপস্থাপন শৈলীতে পারদর্শীতা প্রদর্শন করেছে: দুইয়ের অধিক প্রাসঙ্গিক ছবি ব্যবহার করেছে ও পরিষ্কার পরিচ্ছন্নভাবে লিখেছে।</p> <p>উত্তম:</p> <p>১. ২জন দেব-দেবীর আরাধনার পদ্ধতি ও মন্ত্র নির্ভুলভাবে উপস্থাপন করেছে।</p> <p>২. অন্তত ৪টি পূজা উপকরণের নাম উল্লেখ করেছে, পরিবারের সদস্যদের থেকে কী কী সাহায্য নিয়েছে তা বর্ণনা করেছে।</p> <p>৩. লেখার মাধ্যমে উল্লেখিত দেব-দেবীর আরাধনায় অংশগ্রহণের প্রমাণ দিতে পেরেছে, আরাধনার ফলে অন্তত ৩টি শারীরিক -মানসিক অনুভূতি ব্যক্ত করেছে।</p> <p>৪. উপস্থাপন শৈলীতে পারদর্শীতা প্রদর্শন করেছে: দুইটি প্রাসঙ্গিক ছবি ব্যবহার করেছে ও পরিষ্কার পরিচ্ছন্নভাবে লিখেছে।</p> <p>ভালো:</p> <p>১. ২জন দেব-দেবীর আরাধনার পদ্ধতি ও মন্ত্র উপস্থাপন করেছে তবে সেখানে কিছু ত্রুটি লক্ষ্যণীয়।</p> <p>২. অন্তত ৩টি পূজা উপকরণের নাম উল্লেখ করেছে, পরিবারের সদস্যদের থেকে কী কী সাহায্য নিয়েছে তা বর্ণনা করেছে।</p> <p>৩. লেখার মাধ্যমে উল্লেখিত দেব-দেবীর আরাধনায় অংশগ্রহণের প্রমাণ দিতে পেরেছে, আরাধনার ফলে অন্তত ২টি শারীরিক ও মানসিক অনুভূতি ব্যক্ত করেছে।</p> <p>৪. উপস্থাপন শৈলীতে পারদর্শীতা প্রদর্শন করেছে: অন্তত একটি প্রাসঙ্গিক ছবি ব্যবহার করেছে ও পরিষ্কার পরিচ্ছন্নভাবে লিখেছে।</p> <p>অগ্রগতি প্রয়োজন:</p> <p>১. দেব-দেবীর আরাধনার পদ্ধতি ও মন্ত্র নির্ভুলভাবে উপস্থাপন করেছে।</p> <p>২. অন্তত ২টি পূজা উপকরণের নাম উল্লেখ করেছে, পরিবারের সদস্যদের থেকে কী কী সাহায্য নিয়েছে তা স্পষ্ট নয়।</p> <p>৩. দেব-দেবীর আরাধনায় অংশগ্রহণের ফলে শারীরিক ও মানসিক অনুভূতির বর্ণনা অনুপস্থিত।</p> <p>৪. উপস্থাপন শৈলী দুর্বল- প্রাসঙ্গিক ছবি ব্যবহার হয়নি ও উপস্থাপন পরিচ্ছন্ন নয়।</p>